



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ)
বিআরটিএ ভবন
নতুন বিমানবন্দর সড়ক, বনানী, ঢাকা-১২১২।
(রোড সেফটি শাখা)
www.brta.gov.bd

স্মারক নং-৩৫.০৩.০০০০.০০৮.০৬.০৬১.১৯-৩২

তারিখ: ০৮/০২/২০২১খ্রিঃ।

বিষয়: বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ঐর জন্মশতবার্ষিকী যথাযথ মর্যাদায় উদযাপনের লক্ষ্যে বিআরটিএ'র বিভাগীয় ও জেলা পর্যায়ে একযোগে ফেব্রুয়ারি/২০২১ মাসে ১৪-১৮ ফেব্রুয়ারি একটি বিশেষ সেবাসপ্তাহ সফলভাবে পালনের লক্ষ্যে ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।

সূত্র: (১) বিআরটিএ'র স্মারক নং-৩৫.০৩.০০০০.০০৮.২৯.০০১.২১-৬৩, তারিখ: ০৪-০২-২০২১খ্রিঃ।

(২) বিআরটিএ'র স্মারক নং-৩৫.০৩.০০০০.০০৮.২৯.০০১.২১-৬৩, তারিখ: ০৪-০২-২০২১খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-ঐর জন্মশতবার্ষিকী যথাযোগ্য মর্যাদায় উদযাপন উপলক্ষে বিআরটিএ'র বিভাগীয় ও জেলা পর্যায়ে একযোগে ফেব্রুয়ারি/২০২১ মাসে ১৪-১৮ ফেব্রুয়ারি একটি বিশেষ সেবাসপ্তাহ সফলভাবে উদযাপনের লক্ষ্যে গত ০৩/০২/২০২১খ্রিঃ তারিখে বিআরটিএ'র চেয়ারম্যান মহোদয়ের সভাপতিত্বে ২য় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার ৩(৭) নং সিদ্ধান্ত নিম্নরূপ:

“সকল সার্কেল অফিস কর্তৃক প্রয়োজনীয় ব্যানার ও লিফলেট প্রস্তুতকরতঃ বিতরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ ও সেবা সপ্তাহ উপলক্ষে সাজসজ্জার ব্যবস্থা করতে হবে। এছাড়া বিআরটিএ'র সকল বিভাগীয় ও সার্কেল অফিস নিজ নিজ এলাকা ভিত্তিক বাস টার্মিনালের দৃশ্যমান স্থানে নির্ধারিত নমুনা অনুযায়ী ব্যানার টাঞ্জিয়ে রাখবে। এছাড়াও সড়ক নিরাপত্তা সংক্রান্ত লিফলেট ও মুজিবশতবর্ষের স্টিকার মোটরযানের দৃশ্যমান স্থানে লাগাতে হবে”।

২। এমতাবস্থায়, এ বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

(শেখ মোহাম্মদ মাহবুব-ই-রহমানী)

পরিচালক (রোড সেফটি)

ফোন: ৫৫০৪০৭১৮

বিতরণ:

১। বিভাগীয় উপপরিচালক(ইঞ্জিঃ), বিআরটিএ, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/রংপুর/বরিশাল।

২। সহকারি পরিচালক(ইঞ্জিঃ), বিআরটিএসার্কেল (সকল)।

অনুলিপি: চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিআরটিএ সদর কার্যালয়, নতুন বিমানবন্দর সড়ক, বনানী, ঢাকা।